

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
প্লট# এফ ১/এ, আগারগাঁও, শের-এ-বাংলা নগর, ঢাকা-১২১৭  
[www.nbr.gov.bd](http://www.nbr.gov.bd)

তারিখ: ০৭ জানুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

**e-VAT System হতে সরাসরি করদাতার ব্যাংক একাউন্টে অনলাইনে ভ্যাট রিফান্ড চালু করলো এনবিআর**

করদাতাদের ভ্যাট রিফান্ড প্রাপ্তিতে ভোগান্তি দূর করতে জাতীয় রাজস্ব বোর্ড অটোমেটেড পদ্ধতিতে রিফান্ড আবেদন প্রক্রিয়াকরণের উদ্যোগ গ্রহণ করেছে। এ লক্ষ্যে ভ্যাট ব্যবস্থাপনায় ব্যবহৃত e-VAT System এ একটি নতুন রিফান্ড মডিউল সংযোজন করা হয়েছে। এ ব্যবস্থায় অর্থ বিভাগের iBAS++ এর সাথে সংযোগ স্থাপন পূর্বক বাংলাদেশ ব্যাংকের BEFTN (Bangladesh Electronic Fund Transfer Network) এর মাধ্যমে করদাতাগণের নির্ধারিত ব্যাংক একাউন্টে প্রাপ্য রিফান্ডের অর্থ সরাসরি স্থানান্তর করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। অনলাইন রিফান্ড সিস্টেমে করদাতা অনলাইনে তার মাসিক মুসক রিটার্নের মাধ্যমে প্রাপ্য রিফান্ডের জন্য আবেদন করার পর সংশ্লিষ্ট মুসক কমিশনারেট আবেদনটি প্রক্রিয়াকরণের পর প্রাপ্য অর্থ স্বয়ংক্রিয়ভাবে করদাতার ব্যাংক হিসাবে স্থানান্তরের ব্যবস্থা করা হয়েছে।

জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান জনাব আবদুর রহমান খান এফসিএমএ অনলাইন সিস্টেমের মাধ্যমে ঢাকাস্থ তিনটি ভ্যাট কমিশনারেটের তিনজন সম্মানিত করদাতার ব্যাংক একাউন্টে সরাসরি ৪৫ লক্ষ ৩৫ হাজার টাকা ভ্যাট ফেরত প্রদানের মাধ্যমে অনলাইন ভ্যাট রিফান্ড প্রক্রিয়াটি আজ উদ্বোধন করেন। উদ্বোধনি অনুষ্ঠানে করদাতাগণের প্রতিনিধি এবং সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।

অনলাইন ভ্যাট রিফান্ড মডিউলটি বাস্তবায়নের ফলে করদাতাদের রিফান্ড আবেদন সম্পূর্ণ স্বচ্ছ প্রক্রিয়ায় দ্রুত নিষ্পন্ন করা সম্ভব হবে। এখন থেকে রিফান্ড আবেদন দাখিল ও তা প্রাপ্তির জন্য করদাতাদের ভ্যাট কার্যালয়ে আসতে হবে না। এ বিষয়ে প্রয়োজনীয় তথ্য এবং সহযোগিতার প্রয়োজন হলে করদাতাগণকে সংশ্লিষ্ট মুসক কমিশনারেটে যোগাযোগ করার জন্য পরামর্শ দেয়া হলো।

জাতীয় রাজস্ব বোর্ডের সকল কার্যক্রম ডিজিটাল করার মাধ্যমে কর ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও জবাবদিহিতা আনার চলমান উদ্যোগে সম্মানিত করদাতাগণের সার্বিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

-জাতীয় রাজস্ব বোর্ড